

সোনালী ব্যাংকের বৃত্তি পেল ১২১৭ শিক্ষার্থী

■ ইত্তেফাক রিপোর্ট

সামাজিক দায়বদ্ধতা কর্মসূচির (সিএসআর) আওতায় ১হাজার ২১৭ জন শিক্ষার্থীকে বৃত্তি দিল সোনালী ব্যাংক। প্রতি শিক্ষার্থীকে এককাদীন ১৫ হাজার টাকা করে দেয়া হয়েছে। সোমবার মতিঝিলে ব্যাংকের প্রধান কার্যালয়ে এত অনুষ্ঠানে বৃত্তির চেক ভূশে দেন ব্যাংকের চেয়ারম্যান ডি. এ. এইচ এম হাবিবুর রহমান।

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) প্রদীপ কুমার মন্ডলের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে পরিচালনা পর্ষদের সদস্য মোহাম্মদ আলী মুদা, কাজী তারিকুল ইসলাম, মো. এনামুল হক চৌধুরী এ কে এম রেজাউর রহমানসহ ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে জানানো হয়, এবছর সারা দেশের এক হাজার ২১৭ জন ছাত্র-ছাত্রীকে মোট এক কোটি ৮২ লাখ ৫৫ হাজার টাকা দেয়া হয়েছে। বৃত্তি দেয়ার ক্ষেত্রে চর ও হাওর অঞ্চলের শিক্ষার্থীদের অগ্রাধিকার দেয়া হয়েছে। বৃত্তি পাওয়ার তালিকায় মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী শিক্ষার্থীরাও রয়েছেন। সবাইয়ের পিছিয়ে পড়াবাদের লেখাপড়া চালিয়ে নিতে এ ধারা অব্যাহত রাখা হবে বলে জানানো হয়।